

FACTSHEET



দাবীত্যাগঃ এই তথ্যপত্রটি কেবল শিক্ষামূলক উদ্দেশ্যে তৈরি করা হয়েছে। ইংরেজি থেকে সঠিক অনুবাদ করার জন্য সর্বাত্মক চেষ্টা চালানো হলেও ভাষার অনুবাদ একটি খুবই জটিল কাজ, আর তাই পৃথক পৃথক অনুবাদে ভুল থাকতেই পারে। আপনার সন্তানের জন্য এই তথ্যটি উপযোগী কিনা তা যাচাই এর জন্য অনুগ্রহ করে আপনার ডাক্তার কিংবা অন্যান্য পেশাদার স্বাস্থ্যকর্মীদের সাথে পরামর্শ করুন।

টিউব ফিডিং কী?

What Is Tube Feeding?

কেন আপনার শিশুর জন্য টিউবের প্রয়োজন?

Why does your child need a tube?

টিউব কিংবা বাটন ফিডিং হল আপনার শিশুর দেহে বিশেষ ফরমুলার আকারে পুষ্টি সরবরাহের একটি পদ্ধতি। যখন আপনার শিশু যথেষ্ট পরিমাণে খেতে পারবে না তখন টিউব ফিডিং তার বেড়ে উঠা এবং বিকাশের জন্য প্রয়োজনীয় সকল পুষ্টি ও পরিপোষক পদার্থ সরবরাহে সাহায্য করতে পারে। এটি হতে পারে ক্ষণস্থায়ী কিংবা স্থায়ী, স্বল্প কিংবা দীর্ঘমেয়াদী। এটি ঐসকল শিশুদের জন্য উপকারী হতে পারে যারা:

- শরীরের পুষ্টি বজায় রাখার জন্য যথেষ্ট পরিমাণে খেতে কিংবা পান করতে পারেনা।
- খেতে অক্ষম কারণ তারা ঠিকভাবে কিংবা নিরাপদে খাবার চিবাতে অথবা গিলতে পারেনা।
- বেড়ে উঠার জন্য বাড়তি পুষ্টির দরকার হয়

টিউবের ধরণ

Types of Tubes

শিশুর চাহিদা অনুযায়ী বিভিন্ন ধরণের টিউব রয়েছে। টিউবগুলো হয় বিভিন্ন ব্যাস ও দৈর্ঘ্যের। আপনার শিশুর চাহিদা অনুযায়ী কোন ধরণের টিউবের প্রয়োজন হবে তা আপনার ডাক্তার নির্ধারণ করবেন। প্রচলিত টিউবগুলো হল:

- ন্যাসোগ্যাস্ট্রিক টিউব – প্রায়ই যা NG টিউব হিসেবে পরিচিত (Nasogastric/NG tube)। এই টিউবটি নাকের ভেতর দিয়ে ঢুকিয়ে পাকস্থলী পর্যন্ত নিয়ে যাওয়া চোকানো হয়। এটি স্বল্পস্থায়ী টিউব ফিডিং এর জন্য ব্যবহৃত হয়।
- ন্যাসোজেজুনাল টিউব - প্রায়ই যা NJ টিউব (Nasojejunal/NJ tube) বা ট্রান্সপাইলরিক (Transpyloric TP) হিসেবে পরিচিত। এই টিউবটি নাকের ভেতর দিয়ে ঢুকানো হয় এবং পাকস্থলীর ভেতর দিয়ে নিয়ে জেজুনাম (ক্ষুদ্রান্ত্র) পর্যন্ত নিয়ে যাওয়া হয়।
- গ্যাস্ট্রোস্টমি টিউব/বাটন (স্বকের স্তরের যন্ত্র) – কখনও কখনও জি-টিউব বলা হয় (Gastrostomy/G tube)। এই টিউবটি উদর প্রাচীরে একটি ছোট ছিদ্র করে তার ভেতর দিয়ে পাকস্থলীতে ঢুকানো হয়।
- জেজুনস্টমি টিউব/বাটন (স্বকের স্তরের যন্ত্র) – কখনও কখনও এটিকে J-টিউব বলা হয় (Jejunostomy/J tube)। এই টিউবটি উদর প্রাচীরে একটি ছোট ছিদ্র করে তার ভেতর দিয়ে জেজুনামে (ক্ষুদ্রান্ত্র) ঢুকানো হয়।
- গ্যাস্ট্রোজেজুনস্টমি টিউব/বাটন (স্বকের স্তরের যন্ত্র) – কখনও কখনও G-J-টিউব বলা হয় (Gastro-jejunostomy/G-J tube)। এটি একটি লম্বা টিউব যা গ্যাস্ট্রোস্টমির ছিদ্র দিয়ে ঢুকিয়ে জেজুনাম (ক্ষুদ্রান্ত্র) এর মধ্যে নিয়ে যাওয়া হয়।

ফরমুলা গুরুত্বপূর্ণ কেন?

Why is formula important?

টিউবের ভেতর দিয়ে কেবল বিশেষ ধরণের তরল ফরমুলা এবং পানি দেওয়া যেতে পারে। আপনার শিশুর চাহিদা অনুযায়ী ডায়েটিসিয়ান ফরমুলা দেওয়ার পরামর্শ দেবেন। এই ফরমুলাগুলো সাধারণত আপনার শিশুর চাহিদা অনুযায়ী সব প্রোটিন, ফ্যাট, কার্বোহাইড্রেট, তরল পদার্থ, ভিটামিন এবং খনিজ পদার্থ সরবরাহ করে। ফরমুলাতে কিছু মিশাবেন না। ডায়েটিসিয়ান কিংবা শিশুরোগ বিশেষজ্ঞের পরামর্শ না নিয়ে ফরমুলার পরিমাণ কিংবা ধরণ পরিবর্তন করবেন না। ফরমুলার পরিবর্তে অন্য কোনো তরল কিংবা মিশ্রিত খাবার দেবেন না।

সময়ের সাথে সাথে আপনার শিশুর বয়স, পুষ্টি চাহিদা, বৃদ্ধি এবং সহনশীলতার সাথে সঙ্গতি রেখে তার ফরমুলার পরিমাণ ও ধরণ পরিবর্তন করা হতে পারে। আপনার শিশুর টিউবের আকার এবং ধরণও সময়ের সাথে সাথে পরিবর্তিত হতে পারে।

কীভাবে টিউবের খাবার দেওয়া হয়?

How are tube feeds given?

ডায়েটিসিয়ান নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনা করবেন:

- টিউবের ধরণ,
- ফরমুলা, এবং
- আপনার শিশুর খাদ্য সহনশীলতা

যখন সবচেয়ে সঠিক পদ্ধতি কিংবা সম্ভাব্য কতগুলো পদ্ধতির সমষ্টি বেছে নেবেন।

আপনার সন্তানকে ফরমুলা দেওয়ার ৩টি প্রধান পদ্ধতি রয়েছে:

পাম্প

বিরতিহীন কিংবা বিরতি দিয়ে খাবার দেওয়ার জন্য পাম্প ব্যবহৃত হতে পারে। একটি নির্দিষ্ট সময়ের জন্য না থেমে ফরমুলা দেওয়া হয়ে থাকে যেমন প্রতিদিন ৮-২৪ ঘন্টা ধরে।

মাধ্যাকর্ষণের উপর নির্ভর করার চেয়ে দীর্ঘ সময় ধরে এক মিল পরিমাণ ফরমুলা (যাকে বোলাস বলা হয়) দেওয়ার জন্যও পাম্প ব্যবহার করা হতে পারে। এটি সাধারণত দৈনিক ৪-৬ বার দেওয়া হয়, যেখানে প্রতিটি বোলাসে সময় লাগে ৩০-৯০ মিনিট।

মাধ্যাকর্ষণ

অপেক্ষাকৃত অল্প সময়ে অধিক পরিমাণে ফরমুলা দেওয়ার জন্য একটি গ্র্যাভিটি ড্রিপ ব্যাগ ব্যবহার করা যেতে পারে (এটিকে বলা হয় বোলাস ফিড)। এটি সাধারণত প্রতিদিন ৪ থেকে ৬ বার দেওয়া হয়ে থাকে। কত তাড়াতাড়ি এটি দেওয়া হচ্ছে তা চলমান ফিডের উচ্চতা থেকে নির্ধারিত হবে। অর্থাৎ ব্যাগ/ফরমুলা পাকস্থলী থেকে যত উঁচুতে রাখা হবে তত তাড়াতাড়ি এটি ধাবিত হবে।

সিরিঞ্জ

গ্র্যাভিটি বোলাস ফিড দেওয়ার জন্যও সিরিঞ্জ ব্যবহার করা যেতে পারে। অধিকতর পরিমাণে ফরমুলা একবারে দেওয়া যেতে পারে। এটি সাধারণত প্রতিদিন ৪ থেকে ৬ বার দেওয়া হয়ে থাকে।

মনে রাখবেন:

Remember:

- যেসব শিশু বেড়ে উঠা কিংবা বিকাশের জন্য যথেষ্ট পরিমাণ খেতে পারেনা তাদের জন্য টিউবে খাওয়ানো সহায়ক হতে পারে।
- ফিডিং টিউবের মাধ্যমে কেবল পূর্ব নির্ধারিত ফরমুলা দেওয়া উচিত।
- আপনার পেশাদার স্বাস্থ্য কর্মীর সাথে প্রথমেই আলোচনা না করে ফরমুলা পরিবর্তন কিংবা এটি দেওয়ার পদ্ধতি পরিবর্তন করা উচিত হবে না।
- সময়ের সাথে সাথে আপনার শিশু যখন বেড়ে উঠবে এবং তার খাদ্য সহনশীলতা পরিবর্তিত হবে, তখন তাদের:
 - ফরমুলার ধরণ এবং প্রয়োজনীয় পরিমাণ পরিবর্তিত হতে পারে; এবং
 - টিউবের আকার এবং ধরণও পরিবর্তিত হতে পারে;সুতরাং আপনাকে নিয়মিত ডায়েটিসিয়ান এবং ক্লিনিক্যাল নার্স কনসালটেন্ট এর সাথে এটি পর্যালোচনা করার পরামর্শ দেওয়া হচ্ছে।